# বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

**বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | Computer-based Pilot Licensing | গত ২০১৭-১৮ অর্থবছর হতে এফএসআর বিভাগ কর্তৃক চালুকৃত পাইলটদের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে অনলাইনের মাধ্যমে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা। প্রতি সপ্তাহে তিনদিন এফএসআর-এর নিজস্ব ল্যাবে PPL, ATPL, CPL FOOL ও Aircraft type-এর জন্য পাইলটের পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রশ্নব্যাংকের মাধ্যমে অনলাইনে পরীক্ষা গ্রহণের ফলে প্রশ্নপত্র তৈরি, ইনভিজিলেশন প্রভৃতির প্রয়োজন হয় না এবং তাৎক্ষণিকভাবে ফলাফল প্রকাশ করা সম্ভব হয়। | আছে | হ্যাঁ | http://exam.asrtmcaab.com/auth/login?ReturnUrl=%2Fadmin | |
| ২. | Digital Airport Services Bangladesh | দরপত্র প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্নের পর আইসিটি বিভাগ কর্তৃক নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে ডিজিটাল সেবাটি সংস্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ডিসেম্বর, ২০২২ নাগাদ সংস্থাপন সম্পন্ন হবে। | সংস্থাপন কার্যক্রম চলমান | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | |
| ৩. | Overflight Permit Automation | নন-শিডিউল ফ্লাইটসমূহকে বাংলাদেশের আকাশপথ ব্যবহারে ত্বরিত অনুমতি প্রদানের লক্ষ্যে সফটওয়্যারের মাধ্যমে তাদের পারমিট প্রদানের ব্যবস্থা চালু করা হয়েছে। ফলে, সেবাগ্রহীতাগণ তুলনামূলক স্বল্প সময়ে কাঙ্ক্ষিত সময়ে সেবাটি লাভ করতে পারছেন। | আছে | হ্যাঁ | http://caab.portal.gov.bd/site/page/432d3f83-0201-4a61-809b-27f358060de3 | |
| ৪. | বিমানবন্দরের আন্তর্জাতিক টার্মিনালসমূহে Time Session-ভিত্তিক Open Wifi চালুকরণ | হশাআবি-তে ৪টি ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (ADN Telecom Ltd, Aamra Networks Ltd, BRACNet Ltd এবং BEXIMCO Online Ltd (BOL)) কর্তৃক যাত্রীগণের সুবিধার্থে Time Session-ভিত্তিক Open Wifi সেবা প্রদানের ব্যবস্থা। | আছে | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ৫. | May I Help You | কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে হশাআবি-তে হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে এবং ডেস্কে "May I Help You" লেখা জ্যাকেট পরিধান করে দায়িত্ব পালনকারী কর্মীগণ বিদেশ থেকে আগত যাত্রীগণকে তথ্য সুবিধা প্রদান করছেন। তবে জনবল স্বল্পতার কারণে কর্তৃপক্ষ কর্তৃক চুক্তিবদ্ধ ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে কার্যক্রমটি পরিচালনা করা হচ্ছে। | আছে | হ্যাঁ | প্রযোজ্য নয় | |

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৬. | Online Recruitment System | বেবিচক-এর শূন্য পদে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে ম্যানুয়াল পদ্ধতিতে চাকরিপ্রার্থীদের আবেদন পত্র গ্রহণ এবং প্রবেশপত্র ইস্যু করার পরিবর্তে ২০১৯-২০ অর্থবছর হতে Teletalk-এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ এবং প্রবেশ পত্র ইস্যুর কার্যক্রম। এর ফলে দাপ্তরিক সময়ের সাশ্রয় হচ্ছে এবং নিয়োগ কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। উক্ত ব্যবস্থা চালু হওয়ার পর থেকে এখন পর্যন্ত ৩টি নিয়োগ প্রক্রিয়া অনলাইনে আবেদন পত্র গ্রহণের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। | আছে | হ্যাঁ | http://caab.teletalk.com.bd | |
| ৭. | অফিস কৃষি | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ফায়ার স্টেশনের আশপাশে পতিত ও অব্যবহৃত স্থানে অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের স্ব-উদ্যোগে অবসর সময়ে বিভিন্ন মৌসুমী সজির চাষবাসের লক্ষ্যে গৃহীত কার্যক্রম। এর ফলে একদিকে যেমন অব্যবহৃত/পতিত জমির সদ্ব্যবহার সম্ভব হচ্ছে তেমনি অপরদিকে তারা তাদের অবসর সময়কে ইতিবাচক কাজে ব্যবহার করতে পারছেন। | আছে | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ৮. | অর্জিত ছুটির আবেদন প্রক্রিয়া সহজীকরণ | বিভিন্ন দপ্তর থেকে কর্মকর্তা-কর্মচারীবৃন্দের অর্জিত ছুটির আবেদন অগ্রায়ন পত্রের মাধ্যমে সদর দপ্তরে প্রেরণের পরিবর্তে নতুন ফরমে অগ্রায়ন পত্র ব্যতিরেকে সদর দপ্তরে অর্জিত ছুটির আবেদন প্রেরণ প্রক্রিয়া। এর ফলে কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তিতে সময়ের ব্যবধান হ্রাস করা সম্ভব হয়েছে। | আছে | হ্যাঁ | http://www.caab.gov.bd/downloads/elnew.pdf | |
| ৯. | হশাআবি-তে ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে কোভিড-সচেতনতা বৃদ্ধি | হশাআবি-এর আন্তর্জাতিক টার্মিনালে ভিআইপি লাউঞ্জ ও আগমনী লাউঞ্জে স্থাপিত ডিজিটাল ডিসপ্লের সাহায্যে আগত যাত্রীবৃন্দের উদ্দেশ্যে কোভিড-সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত প্রচারণা কার্যক্রম। | হ্যাঁ/বর্তমানে ভিআইপি আগমনী লাউঞ্জের ডিজিটাল ডিসপ্লে সচল রয়েছে | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ১০. | Computer-Based (Interactive) GSAT | General Security Awareness Training বা GSAT বিমানবন্দরের কর্মীবৃন্দকে নিরাপত্তা-বিষয়ক সাধারণ সচেতনতা বৃদ্ধির জন্য প্রদান করা হয়ে থাকে। অতীতে এই প্রশিক্ষণ ম্যানুয়াল পদ্ধতিতে দেয়া হতো। এখন SMART GSAT Classroom প্রতিষ্ঠার মাধ্যমে প্রক্রিয়াটিকে ডিজিটাইজ করা হয়েছে। কর্মীদেরকে Computerized পদ্ধতিতে Question Bank-এর মাধ্যমে Random প্রশ্নের উত্তর দিতে হবে। পাশ মার্ক পেলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে সনদপত্র প্রদান করা হবে। | সংস্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে | এভসেক বিভাগ হতে প্রশিক্ষণার্থীর তালিকা প্রাপ্তি সাপেক্ষে কার্যক্রম শুরু হবে | http://15.207.117.198/ (সর্বসাধারণের জন্য উন্মুক্ত নয়। শুধু যে পিসিসমূহ থেকে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে সেখান থেকে accessible)। | |

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১১. | সাধারণ ভবিষ্য তহবিল হতে কর্মচারীদের অর্থ উত্তোলন-বিষয়ক সেবা সহজিকরণ | বেবিচক-এর কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক চিকিৎসা, সন্তানাদির বিয়ে, গৃহ নির্মাণ/মেরামত প্রভৃতি কাজের জন্য সাধারণ ভবিষ্য তহবিল হতে অর্থ গ্রহণের ক্ষেত্রে পূর্বে অনুসৃত সদর দপ্তর থেকে মঞ্জুরিকৃত অর্থ আবেদনকারীর দপ্তরে এবং আবেদনকারীর দপ্তর হতে আবেদনকারীর অনুকূলে চেক মারফত হস্তান্তরের পরিবর্তে আবেদন ফরমটিকে একই সাথে অগ্রায়ন পত্র হিসেবে ব্যবহারের মাধ্যমে অর্থ উত্তোলন প্রক্রিয়া সহজীকরণের একটি ব্যবস্থা। এর ফলে মধ্যবর্তী কয়েকটি ধাপ অনুসরণের প্রয়োজনীয়তা অন্তর্হিত হয়েছে এবং পূর্বের ৩০ দিনের পরিবর্তে বর্তমানে ৫/৮ দিনের মধ্যে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। | আছে | হ্যাঁ | http://www.caab.gov.bd/downloads/অফেরত যোগ্য অর্থ ফরম.pdf<br>http://www.caab.gov.bd/downloads/ফেরত যোগ্য অর্থ ফরম.pdf | |
| ১২. | হশাআবি-এর টার্মিনাল ভবনের গেটসমূহের সম্মুখে ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে যাত্রীদেরকে ফ্লাইট-সংক্রান্ত তথ্য সেবা প্রদান | হশাআবি-তে বহির্গামী সম্মানিত যাত্রীগণের জন্য আন্তর্জাতিক টার্মিনাল ভবনের ৫টি এন্ট্রি গেটের সম্মুখে বোর্ডিং ব্রিজ, রো সহ সকল বর্হিগামী ফ্লাইটের সময়সূচির তথ্য আধুনিক ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা। বর্তমানে সেবাটি যাত্রীগণ ছাড়াও অপারেটর এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সুবিধার্থে ডাটাবেজ ও সফটওয়্যারটি আপগ্রেডেশনের কার্যক্রম চলমান রয়েছে। | আছে | হ্যাঁ | https://hsia.live | |

06.10.2022
(মোহাম্মদ আবিদুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন) (অঃদাঃ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

৬/১০/2022
(মোঃ মিজানুর রহমান)
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ